

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৯৮৬

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. জিবরীল (আ.) এর ইমামতি

بَابُ إِمَامَةِ جِبْرِيلَ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مُحَمَّدِ بْن صَاعِدِ ، ثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الصَّوَّافُ بِالْبَصْرَةِ ، ثَنَا عَمْرُو بْنُ بِشْرِ الْحَارِثِيُّ ، ثَنَا بُرْدُ بْنُ سِنَانِ ، عَنْ عَطَاءِ بْنِ أَبِي رَبَاحٍ ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ: " أَنَّ جِبْرِيلَ _ عَلَيْهِ السَّلَامُ _ أَتَى النَّبِيَّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ يُعَلِّمُهُ الصَّلَاةَ ، فَجَاءَهُ حِينَ زَالَت الشَّمْسُ ، فَتَقَدَّمَ جِبْرِيلُ ، وَرَسُولُ اللَّهِ _ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ خَلْفَهُ ، وَالنَّاسُ خَلْفَ رَسُولِ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ فَصلَّى الظُّهْرَ ، ثُمَّ جَاءَهُ حِينَ صَارَ الظِّلُّ مِثْلَ قَامَةِ شَخْصِ الرَّجُل ، فَتَقَدَّمَ جِبْرِيلُ ، وَرَسُولُ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ خَلْفَهُ ، وَالنَّاسُ خَلْفَ رَسُولِ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ فَصلَّى الْعَصرْرَ ، ثُمَّ جَاءَهُ حِينَ وَجَبَت الشَّمْسُ ، فَتَقَدَّمَ جبْريلُ _ عَلَيْهِ السَّلامُ _ ، وَرَسُولُ اللَّهِ _ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ خَلْفَهُ ، وَالنَّاسُ خَلْفَ رَسُولِ اللَّهِ _ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ فَصِلَّى الْمَغْرِبَ " ثُمَّ ذَكَرَ بَاقِيَ الْحَديث ، وَقَالَ فِيهِ : " ثُمَّ أَتَاهُ الْيَوْمَ الثَّانِي حِينَ وَجَبَتِ الشَّمْسُ لِوَقْتِ وَاحِدِ ، فَتَقَدَّمَ جِبْرِيلٌ _ عَلَيْهِ السَّلَامُ _ وَرَسُولُ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ خَلْفَهُ ، وَالنَّاسُ خَلْفَ رَسُولِ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ ، فَصلَّى الْمَغْرِبَ ، وَقَالَ فِي آخِرِهِ : " ثُمَّ قَالَ : مَا بَيْنَ الصَّلَاتَيْن وَقْتٌ " . قَالَ : فَسَأَلَ رَجُلٌ رَسُولَ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ عَن الصَّلَاةِ ؟ فَصَلَّى بهمْ ، كَمَا صَلَّى بِهِ جِبْرِيلُ _ عَلَيْهِ السَّلَامُ _ ثُمَّ قَالَ : " أَيْنَ السَّائِلُ عَن الصَّلَاةِ ؟ مَا بَيْنَ الصَّلَاتَيْن وَقْتُ

বাংলা



৯৮৬(৩). ইয়াহইয়া ইবনে মুহাম্মাদ ইবনে সায়েদ (রহঃ) ... জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। জিবরীল (আ.) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে নামায শিক্ষা দেওয়ার জন্য তাঁর নিকট এলেন। তিনি তাঁর নিকট এলেন যখন সূর্য ঢলে পড়লো। জিবরীল (আ.) সামনে এগিয়ে গেলেন এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার পিছনে এবং লোকজন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পিছনে দাঁড়ালেন। এভাবে তিনি যুহরের নামায পড়ালেন। তারপর তিনি তাঁর নিকট এলেন যখন কোন মানুষের দেহের ছায়া তার দৈর্ঘ্যের সমপরিমাণ হলো। জিবরীল (আ.) সামনে এগিয়ে গেলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আলাইহি তার পিছনে এবং লোকজন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পিছনে দাঁড়ালেন। এভাবে তিনি আসরের নামায পড়ালেন। তারপর সূর্য অস্ত গেলে তিনি তাঁর নিকট এলেন। জিবরীল (আ.) সামনে এগিয়ে গেলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার পিছনে এবং লোকজন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পিছনে দাঁড়ালেন। এভাবে তিনি মাগরিবের নামায পড়ান।

তারপর রাবী অবশিষ্ট হাদীস উল্লেখ করেন এবং তাতে বলেন, অতঃপর তিনি দ্বিতীয় দিন তাঁর নিকট এলেন একই সময় যখন সূর্য ডুবলো, জিবরীল (আ.) সামনে এগিয়ে গেলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তার পিছনে দাঁড়ালেন এবং লোকজন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর পিছনে দাঁড়ালেন। এভাবে তিনি মাগরিবের নামায পড়ালেন। রাবী হাদীসের শেষভাগে বলেন, তারপর জিবরীল (আ.) বলেন, এই দুই নামাযের মাঝখানে রয়েছে (নামাযের) ওয়াক্ত। রাবী বলেন, এক ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট নামায সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি তাদের নামায পড়ান যে নিয়মে জিবরীল (আ.) তাঁকে নিয়ে নামায পড়লেন। তারপর তিনি জিজ্ঞেস করলেন, নামাযের ওয়াক্ত সম্পর্কে জিজ্ঞেসকারী লোকটি কোথায়? এই দুই নামাযের মাঝখানে (নামাযের) ওয়াক্ত।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন